# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ

সাধারণ শাখা

www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-১২৩ তারিখ ঃ ২৮/০১/২০২৪ খ্রি.

**মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-**

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৩৮ (আটত্রিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ | ২৮ জানুয়ারি, ২০২৪ খ্রি. |
| বার | ঃ | রোজ রবিবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

১২। জনাব উজ্জ্বল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

<u>আলোচ্য সূচি-০১</u> ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

**আলোচনা** ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ১৩/১২/২০২৩ খ্রি. তারিখ সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়। পঠিত কার্য বিবরণীর বিবিধ ৪নং অনুচ্ছেদে শিশুপার্ক নির্মান সংক্রান্ত আলোচনায় জমি বন্দোবস্ত ক্রয় কমিটি বিষয়ে শহর সমন্বয় (টিএলসিসি) কমিটির ১২(বারো) তম সভার সিদ্ধান্ত অনুসারে জনাব মোঃ উজ্জল হোসেন কে আহবায়ক করে ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়। কিন্তু অত্র পৌরসভার স্মারক নং- মাপৌঃসাধাঃ-২০২৪-৪৭ এর অফিস আদেশ মোতাবেক জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ৩নং সাধারণ ওয়ার্ডকে উক্ত গঠিত কমিটির আহবায়ক করে পত্র জারি করা হয়। শিশুপার্ক নির্মান সংক্রান্ত প্রস্তাবিত জায়গা ৯ নং ওর্য়াডে অবস্থিত বিধায় ৯ নং ওর্য়াডের কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেনকে সভাপতি হিসেবে শহর সমন্বয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের আলোচনা অনুষ্ঠিত হয় এবং গত সভার ৯ নং আলোচ্য সূচির সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা হতে পায়ে চালিত রিক্সার লাইসেন্স দেওয়ার জন্য ভুল ক্রমে রিক্সার লাইসেন্স ফি ১০০০(এক হাজার) টাকা নির্ধারন করা হয়েছিল। উক্ত ফি কমিয়ে গেজেট মোতাবেক ফি আদায় করার জন্য উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে স্থানীয় প্রয়োজনে পরিবেশ বান্ধব স্মার্ট যানবাহন চলাচলের স্বার্থে ইলেকট্রিক বা যান্ত্রিক চালিত অটো রিক্সার লাইসেন্স ফি ১০০০ টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ২০০০ টাকা আদায় করা সহ উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে অত্র পৌরসভার স্মারক নং- মাপৌঃসাধাঃ-২০২৪-৪৭ এর অফিস আদেশ বাতিল পূর্বক শহর সমন্বয় কমিটির ১২(বারো) তম সভার সিদ্ধান্ত অনুসারে জনাব মোঃ উজ্জল হোসেন কে আহবায়ক করে শিশুপার্কের জমি সংগ্রহ করার জন্য নিম্ন লিখিত ৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি অনুমোদন সহ পায়ে চালিত রিক্সার লাইসেন্স ফি গেজেট মোতাবেক আদায়ের সিদ্ধান্ত সহ ইলেকট্রিক বা যান্ত্রিক চালিত অটো রিক্সার লাইসেন্স ফি ১০০০(এক হাজার) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ২০০০/- (দুই হাজার) টাকা নিধারনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং আর কোন পরিবর্তন ও সংশোধন না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

<u>শিশুপার্ক নির্মাণে জমি সংগ্রহ/ক্রয় কমিটি নিম্নরুপঃ-</u>

| ক্রঃনং- | নাম | পদবি | কমিটির পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ উজ্জল হোসেন | ০৯ নং ওয়ার্ডে কাউন্সিলর | আহবায়ক |
| ০২ | জনাব আব্দুর রাজ্জাক রাজা | প্যানেল মেয়র-১ | সদস্য |
| ০৩ | জনাব মোঃ তছলিম মিয়া | প্যানেল মেয়র-২ | সদস্য |
| ০৪ | জনাব জেসমিন আক্তার | প্যানেল মেয়র-৩ | সদস্য |
| ০৫ | জনাব আবু মোঃ নাহিদ | ০৮ নং ওয়ার্ডে কাউন্সিলর | সদস্য |
| ০৬ | জনাব এ্যাডভোকেট এটিএম শাহজাহান | সদস্য,শহর সমন্বয় কমিটি | সদস্য |
| ০৭ | জনাব মোঃ আব্দুল করিম বিশ্বাস | সদস্য,শহর সমন্বয় কমিটি | সদস্য |
| ০৮ | জনাব আ.ন.ম গিয়াস উদ্দিন খান | নির্বাহী প্রকৌশলী | সহায়ক কর্মকর্তা |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

আলোচ্য সূচি-০২ ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) প্রকল্প চলমান। "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) প্রকল্পের সিদ্ধান্ত অনুসারে হোল্ডিং ট্যাক্স ব্যতীত অন্যান্য বিবিধ আদায়ের হার ৮০% করার জন্য নির্দেশনা রয়েছে। তৎপরিপ্রেক্ষিতে হোল্ডিং ট্যাক্স সহ বিবিধ আদায় কিভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে রাজস্ব আদায়ের স্বার্থে মানিকগঞ্জ বাসষ্ট্যান্ড কাঁচাবাজারের বকেয়া দোকান মালিকদের ভাড়া আদায়ের নিমিত্তে পৌর বাজার শাখা কর্তৃক বকেয়া তালিকা অনুসারে তাদের দোকান পজেশনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং সকল ইউটিলিটি সেবা প্রদানের পূর্বে হোল্ডিং ট্যাক্স গ্রহণ বাধ্যতামূলক করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ **উন্নয়ন বরাদ্দ (এডিপি) অর্থের প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন সংক্রান্ত আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, গত ১৩/১২/২০২৩ খ্রি. তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক কাউন্সিলরের বিপরীতে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) করে ৫,০০,০০০x১২ = ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা এবং মেয়র মহোদয়ের বিপরীতে ১৬,০০,০০০(ষোল লক্ষ) টাকা সহ সর্বমোট এডিপি আওতায় ৭৬,০০,০০০/- (ছিয়াত্তর লক্ষ) টাকার উন্নয়ন প্রকল্প ও প্রাক্কলন উপস্থাপনরে জন্য নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভাকে অনুরোধ করেন। নির্বাহী প্রকৌশলী নিম্ন লিখিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্প ও প্রাক্কলন নিম্নরুপঃ

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় | ওয়ার্ড নং |
|---|---|---|---|
| ০১ | পশ্চিম সেওতা রাস্তার নেপাল মাস্টারের বাড়ী হতে হাসু মাদবরের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৫,০০,০৬৭.০০ | ১ |
| ০২ | পশ্চিম দাশড়া ভাষাণ মাদবেরর রাস্তার ওয়ালটন দোকান হতে পশ্চিম দিকে রশিদের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৯,৮৭০.০০ | ৪, ৫ ও ৬ |
| ০৩ | খবির চৌধুরীর বাড়ী হতে জারনালিস্ট শাহিন বিসাইড উপজেলার পশ্চিম পাশ হয়ে ছানোয়ার উকিলের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৫,০০,২৯০.০০ | ১, ২ ও ৩ |
| ০৪ | নারাঙ্গাই মেইন রাস্তা হতে সজিবের বাড়ী হয়ে মনিরের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৫,০১,১৯৪.০০ | ২ |
| ০৫ | নওখন্ডা আজাহারের বাড়ী হতে আশরাফের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৫,০১,৩০৮.০০ | ৩ |
| ০৬ | চরহিজুলী কাদেরের বাড়ী হতে উত্তর দিকে জুলহাসের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৮,০৮৫.০০ | ৪ |
| ০৭ | দাশড়া ভূতের গলি পাইপ ড্রেন দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৮,০৯২.০০ | ৫ |
| ০৮ | পশ্চিম দাশড়া রির্জাভ ট্যাংক পকুর হতে এ্যাডঃ হযরত এর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৯,০১৭.০০ | ৬ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ০৯ | পৌলী কার্পেটিং রোডে পৌরসভার শেষ সীমানা সাবেক আর্মি সেলিম মিয়ার বাড়ী হতে মুন্নাফ এর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৯,৫০৯.০০ | ৭ |
| ১০ | চরবেউথা জালালের বাড়ী হতে পশ্চিম দিকে মেইন রাস্তা পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৫,০০,৩৬২.০০ | ৮ |
| ১১ | বান্দুটিয়া বেউথা রোড হতে দক্ষিণ দিকে বেরীবাধ পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৯,৯৮৪.০০ | ৭, ৮ ও ৯ |
| ১২ | সিংগাইর রোড হতে পশ্চিম দিকে মান্নান নগর পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৫,০০,২৯৬.০০ | ৯ |
| ১৩ | নয়াকান্দি কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৯,৩২,৬১৯.০০ | ৯ |
| ১৪ | আফরোজা রমজান স্কুলের ৩য় তলার কাজ। | ২০,২৬,৯১৩.০০ | ৯ |
| | সর্বমোট = | ৮৯,৫৭,৬০৬.০০ | |

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত প্রকল্প ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত অর্থ অনুমোদন করা হলো এবং বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ আগামী অর্থ বৎসরের উন্নয়ন তহবিল হতে সমন্বয় করা সহ জরুরী ভিত্তিতে উপরোক্ত প্রকল্প সমূহ পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক জরুরী ভিত্তিতে দরপত্র আহবানের সিদ্ধান্ত সর্বস্মতিক্রমে গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৪** ঃ **রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় নির্বাহী প্রকৌশলী জানান যে, স্থানীয় কাউন্সিলরদের সুপরিশ মোতাবেক জনগুরুত্বের দিক বিবেচনায় পৌর রাজস্ব খাত হতে বাস্তবায়নের জন্য নিম্ন লিখিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|
| ০১ | গালর্স স্কুল রোড হতে দক্ষিণ দিকে রমজান আলী সড়কের সহিত সংযোগ সড়ক নির্মাণ কাজ। | ৪,৯৯,৭২১.০০ |
| ০২ | মানিকগঞ্জ বাজার চাউল সেড হতে ছাগল হাটা পর্যন্ত ড্রেনের স্লাব নির্মাণ কাজ। | ১,৮৩,৩৩১.০০ |
| ০৩ | বান্দুটিয়া মেইন রাস্তা হতে মুনসের মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,০৬,০৫৫.০০ |
| ০৪ | বৈতরা পশ্চিম পাড়া জামে মসজিদের সামনে মাটি ভরাট ও ইট সলিং দ্বারা উন্নয়ন। | ২,১৪,২৪৪.০০ |
| ০৫ | ওয়ারলেছ গেইট আক্কাসের বাড়ী হতে দেলোয়ারের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি ও প্যালাসাইডিং দ্বারা উন্নয়ন। | ৯২,৭৬৯.০০ |
| ০৬ | বৈতরা কামালের বাড়ী হতে বৈতরা পশ্চিম পাড়া জামে মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৪,৮৮,৮২৮.০০ |
| ০৭ | বান্দুটিয়া রনি মেনসনের নিকট স্পিড ব্রেকার নির্মাণ কাজ। | ২৩,৫৫২.০০ |
| ০৮ | পশ্চিম দাশড়া গেদু মিয়ার বাড়ী হতে নুরুল ইসলামের বাড়ী পর্যন্ত পানির লাইন স্থাপন কাজ। | ২,১১,৯৫৭.০০ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | |
|---|---|---|
| ০৯ | পশ্চিম বান্দুটিয়া ডরমেটরী রাস্তায় কামাল সাহেবের বাড়ী হতে পশ্চিম দিকে আনোয়ার উল্লাহর বাড়ী পর্যন্ত সিসি করণ কাজ। | ১০,৯৪,২৪৫.০০ |
| ১০ | মানিকগঞ্জ পৌরসভার কঞ্জারভেন্সী শাখায় অফিস কক্ষ টাইলস করণ কাজ। | ৯৩,৬৬৯.০০ |
| ১১ | মানিকগঞ্জ পৌরসভায় সড়ক বাতি পরিদর্শনের রুম টাইলস করণ কাজ। | ৬৭,৩১১.০০ |
| ১২ | কুশেরচর স্কুল হতে উত্তর দিকে কয়েদ আলীর বাড়ী পর্যন্ত মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৮৯,২২৪.০০ |
| ১৩ | মানিকগঞ্জ পৌরসভার লাইসেন্স শাখায় ১টি কম্পিউটার সেট, ১টি লেজার প্রিন্টার ও ১টি চেয়ার ক্রয় কাজ। | ১,৩৮,৩৭০.০০ |
| ১৪ | ঢাকুয়াপাড়া সামাদের বাড়ী হতে সহিদের বাড়ী পর্যন্ত মাটি দ্বারা রাস্তা নির্মাণ কাজ। | ৩,২৭,৮১৬.০০ |
| ১৫ | আন্ধারমানিক চৌরাস্তা হতে পূর্ব দিকে ইজ্জত আলীর বাড়ী পর্যন্ত পানির লাইন স্থাপন কাজ। | ১,৮৯,১৩৭.০০ |
| ১৬ | মানিকগঞ্জ পৌরসভায় ৩ টনি রোলার মেরামত কাজ। | ১৬,০৮০.০০ |
| ১৭ | নগর ভবনের নিচ তলায় ড্রাইভার রুমের টয়লেট মেরামত কাজ। | ৩,৫৩,৫৯৪.০০ |
| ১৮ | মানিকগঞ্জ দুধ বাজারস্থ ড্রেন মেরামত কাজ। | ২,৯৭,৮৯১.০০ |
| ১৯ | কঞ্জারভেন্সীর স্টোর রুম মেরামত কাজ। | ৩,৩৯,৪১৮.০০ |
| ২০ | জয়নগর স্কুলের পাশ দিয়ে সাবেক কাউন্সিলর ফজলুল হকের বাড়ী হতে বিল্টু মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,২৬,৯৩৭.০০ |
| ২১ | ওয়ারলেছ গেইট আক্কাসের বাড়ী হতে দেলোয়ারের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি ভরাট ও প্যালাসাইডিং দ্বারা উন্নয়ন। | ৯২,৭৬৯.০০ |
| ২২ | বৈতরা পশ্চিম পাড়া জামে মসজিদের সামনে মাটি ভরাট ও ইট সলিং দ্বারা উন্নয়ন। | ২,১৪,২৪৪.০০ |
| ২৩ | মানরা আনোয়ারের বাড়ী হতে জগলুর বাড়ী পর্যন্ত বাঁশের পুল নির্মাণ কাজ। | ৫২,৬২০.০০ |
| ২৪ | নওখন্ডা বেলায়েত হোসেন খান রাস্তা হতে আজাহারের জায়গা হয়ে কবরস্থান পর্যন্ত সলিং রাস্তা। | ৪,৮০,০০০.০০ |
| ২৫ | ঢাকা-আরিচা রাস্তা হতে হালিমের জায়গা হয়ে গ্রীডের পাশ দিয়ে জানুর জায়গা পর্যন্ত রাস্তা নির্মাণ। | ১৫,৩০,০০০.০০ |
| ২৬ | পোড়রা হাউজিং-এ পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ৫,৪০,০০০.০০ |
| ২৭ | গঙ্গাধরপট্টি রাজলক্ষী টাওয়ার হতে ২০০ মিটার পূর্ব দিকে পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ১০,০০,০০০.০০ |
| ২৮ | জেলা পরিষদের পূর্ব পাশে নিজামের বাড়ী হতে পূর্ব দিকে আফতাফ উদ্দিন মোল্লার বাড়ী পর্যন্ত মাটি ও প্যালাসাইডিং দ্বারা মেরামত কাজ। | ৩,০৯,৯২৭.০০ |
| ২৯ | মানিকগঞ্জ বাজার ব্রীজ হতে পশ্চিম দিকে দেবেন্দ্র কলেজ ব্রীজ পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ। | ২১,৯২,৯৯৮.০০ |
| ৩০ | নবগ্রাম খিলিন্ড মেইন রাস্তা হতে পশ্চিম দিকে রিয়াজ উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১,১৮,৪৯৫.০০ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | |
|---|---|---|
| ৩১ | ৮নং ওয়ার্ডের বৈদ্যুতিক কাজ। | ৮৭,৭১৩.০০ |
| ৩২ | পশ্চিম বান্দুটিয়া আনিছের বাড়ী হতে মনসুর মাষ্টারের বাড়ী হয়ে গোবিন্দ মাষ্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৯৩,৬৬২.০০ |
| ৩৩ | স্টেডিয়াম পুকুর সংলগ্ন উজ্জলের বাড়ীর সামনের রাস্তা ব্যাটস দ্বারা মেরামত কাজ। | ৪০,৪৮০.০০ |
| ৩৪ | স্টেডিয়াম অফিসার্স ক্লাব হতে ভিআইপি গ্যালারী পিছনে মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯৯,০০০.০০ |
| ৩৫ | গঙ্গাধরপট্টি মহিলা কলেজের পিছনে মেইন রাস্তা হতে হিমুর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,০০,০০০.০০ |
| ৩৬ | পোড়রা মসজিদ হতে সুলাতানের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ। | ৪,০০,০০০.০০ |
| ৩৭ | জেলা পরিষদের পূর্ব পাশে নিজামের বাড়ী হতে পূর্ব দিকে আফতাব উদ্দিন মোল্লার বাড়ী পর্যন্ত মাটি দ্বারা রাস্তা মেরামত কাজ। | ৩,০৯,৯২৭.০০ |
| ৩৮ | আন্ধারমানিক মেইন রোড হতে দক্ষিণে জিতেন বিশ্বাস এর বাড়ী হয়ে নেছার নগর পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ২,৫০,০০০.০০ |
| ৩৯ | আন্ধারমানিক মেইন রোড হতে দক্ষিণে জিতেন বিশ্বাস এর বাড়ী হয়ে নেছার নগর পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ৯২,০০০.০০ |
| ৪০ | চরবেউথা আইউব এর বাড়ী হতে পশ্চিমে সামেজুদ্দিন এর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,৪০,০০০.০০ |
| ৪১ | আন্ধারমানিক চৌরাস্তা হতে উত্তরে নদীতে নামার জন্য রাস্তা এবং গোসলের জন্য ঘাটলা নির্মাণ কাজ। | ২,১৫,০০০.০০ |
| ৪২ | চরবেউথা নুর ইসলামের বাড়ী হতে দক্ষিণে হানিফ এর বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৩,২৫,০০০.০০ |
| ৪৩ | বিদ্যুৎ শাখায় ব্যবহারের জন্য ০৩(তিন) টি স্টীল ফোল্ডিং মই ক্রয় কাজ। | ২,৩৫,৫০০.০০ |
| ৪৪ | মানিকগঞ্জ পৌরসভা অফিস ভবনে ব্যবহারের জন্য জেনারেটর ক্রয় কাজ। | ৫,৯৫,০০০.০০ |
| ৪৫ | পৌলী মেইন রাস্তার হাজ্বী সুলতানের বাড়ি হতে দক্ষিণ দিকে লোকমানের বাড়ি পর্যন্ত ইটের সলিং দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৮৮,৭৯৩.০০ |
| ৪৬ | পশ্চিম বান্দুটিয়া হেকমত আলীর বাড়ি হতে দক্ষিণ দিকে আতোয়ারের বাড়ি পর্যন্ত ইটের সলিং দ্বারা উন্নয়ন কাজ। | ৪,৯২,২৪৫.০০ |
| ৪৭ | বেউথা সিংগাইর রোড হতে উত্তর দিকে রাজিবদের বাড়ি পর্যন্ত ইটের সলিং দ্বারা উন্নয়ন কাজ। | ৩,২১,৮০৮.০০ |
| ৪৮ | পশ্চিম দাশড়া মোঃ মোশারফ কাজীর বাড়ী হতে উত্তর দিখে জুলেখা আক্তারের বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ। | ২,০০,০০০.০০ |
| | সর্বমোট = | ১,৭৩,৭১,৩৩০.০০ |

উপরোক্ত গ্রহণকৃত প্রকল্প সমূহের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজস্ব খাতের অর্থ উদ্বৃত্ত না থাকার সম্ভাবনাই বেশি। "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) এর নির্দেশনা মোতাবেক বকেয়া বিদ্যুৎ বিল, বিএমডিএফ

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

এর বকেয়া কিস্তি পরিশোধ না করে রাজস্ব খাতে প্রকল্প গ্রহণ সমীচীন হবেনা। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোল্লেখিত প্রকল্প সমূহ পৌর রাজস্ব তহবিলের অর্থের সংস্থান সাপেক্ষে পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। প্রয়োজনে আগামী ২০২৪-২০২৫ অর্থ বছরে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৫** ঃ **মাসিক হিসাব বিবরণী আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা ডিসেম্বর/২০২৩ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৩,৭২,৯২,৫১৫.৬০ ( তিন কোটি বাহাত্তর লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত পনেরো টাকা ষাট পয়সা) ও ব্যয় হয়েছে ১,৪৩,৬০,৩৭৮.৭৫ (এক কোটি তেতাল্লিশ লক্ষ ষাট হাজার তিনশত আটাত্তর টাকা পঁচাত্তর পয়সা) টাকা মাত্র । সমাপনী জের- ২,২৯,৩২,১৩৬.৮৫ (দুই কোটি উনত্রিশ লক্ষ বত্রিশ হাজার একশত ছত্রিশ টাকা পঁচাশি পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় ডিসেম্বর ২০২৩ মাসে রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৫৩,৫২,০৩১.০৫ (তেপ্পান্ন লক্ষ বায়ান্ন হাজার একত্রিশ টাকা পাঁচ পয়সা ) ও ব্যয় হয়েছে ৩৬,৮৬,৩৬৮.৫০ ( ছত্রিশ লক্ষ ছিয়াশি হাজার তিনশত আটষট্টি টাকা পঞ্চাশ পয়সা) টাকা মাত্র। সমাপনী জের- ১৬,৬৫,৬৬২.৫৫ ( ষোল লক্ষ পয়ষট্টি হাজার ছয়শত বাষট্টি টাকা পঞ্চান্ন পয়সা মাত্র ) উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় পৌর নির্বাহী কর্মকর্তা বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ডিসেম্বর/২০২৩ মাসের হিসাব বিবরণী সমূহ অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-৬** ঃ **জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। তিনি আরো বলেন যে, ২০০৪ সনের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ সহ টাক্স ফোর্স কমিটির দায়িত্ব প্রদান করা হয়েছে। এসডিজি বাস্তবায়েনে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন টাক্স ফোর্স গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ২০০৪ সালের জন্ম নিবন্ধন আইন অনুযায়ী পৌরসভার জন্ম ও মুত্যু নিবন্ধন টাক্স ফোর্স কমিটি গঠণ ও টাক্স ফোর্স কমিটির কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ সহ জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার বিষয়ে সর্বসাধারণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

আলোচ্য সূচি-৭ ঃ **ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বিগত বছরে ডেঙ্গু প্রাদুর্ভাব ব্যাপক আকারে ধারণ করেছিল। বর্তমানে ডেঙ্গু প্রাদুর্ভাব কমেছে কিন্তু শেষ হয়ে যায়নি। এখনও বিভিন্ন জায়গায় ডেঙ্গু রোগ চিহ্নিত হচ্ছে ও ডেঙ্গু রোগের প্রসার হচ্ছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে ২০২৪ ইং সনে কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে। উল্লেখিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সকল কাউন্সিলর-বৃন্দদেরকে রাস্তা ও রাস্তার পাশের ড্রেন সহ ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্নতা করা এবং নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সজাগ থাকার আহবান জানান এবং ডেঙ্গু নিয়ন্ত্রণ কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। ডেঙ্গু নিয়ন্ত্রণে উপস্থাপিত কর্মপরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে তৈরীকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী জনসচেতনতা তৈরীর লক্ষে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৮ ঃ **পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনাঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ সমূহ সভায় উপস্থাপন করেন এবং পাঠ করে শোনান। পঠিত সুপারিশ সমূহের বিষয়ে আলোচনা পর্যালোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ সমূহ অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৯ ঃ **জেলা উন্নয়ন সমন্বয় ও জেলা আইন শৃঙ্খলা কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা জেলা উন্নয়ন সমন্বয় ও জেলা আইন শৃঙ্খলা কমিটির সুপারিশ সমূহ সভায় পাঠ করে শোনানো হয়। পঠিত সুপারিশ সমূহের বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। উল্লেখিত সুপারিশ সমূহ জন-গুরুত্ব বিধায় অনুমোদন দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জেলা উন্নয়ন সমন্বয় ও আইনশৃঙ্খলা কমিটির সুপারিশ সমূহ পর্যায় ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-১০ ঃ **০৮নং ওয়ার্ডের হোটেল সমূহে পরিস্কার পরিচ্ছন্নতার কাজে গাড়ি প্রদান প্রসঙ্গে ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, ০৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবু মোঃ নাহিদ এর স্বাক্ষরিত একটি আবেদন মেয়র বরাবর দাখিল করেছেন। বর্ণিত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে উল্লেখ করেছেন ০৮নং ওয়ার্ডে স্থাপিত বিভিন্ন রেস্টুরেন্টের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতা করার জন্য পৌরসভা হতে গাড়ি প্রদান করা প্রয়োজন। তিনি আরো বলেন ইতোপূর্বে পৌর পরিষদ সভায় ০৮নং ওয়ার্ডের স্থাপিত বিভিন্ন রেস্টুরেন্টের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতার লক্ষে পৌরসভার মাধ্যমে ০২(দুই)টি ভ্যান গাড়ি তৈরীর জন্য ১,১০,০০০.০০ (এক লক্ষ দশ হাজার) টাকা অনুমোদন হয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পূর্ব অনুমোদিত ১,১০,০০০.০০ (এক লক্ষ দশ হাজার) টাকার মধ্যে ০২(দুই)টি ভ্যান গাড়ি ক্রয় পূর্বক ০৮নং ওয়ার্ডের স্থাপিত বিভিন্ন রেস্টুরেন্টের ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতার জন্য প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**আলোচ্য সূচি-১১** ঃ **পৌরসভার বিভিন্ন এলাকায় সাবমারসিবল পাম্প মটর যুক্ত ৫০ মিমি ব্যাস বা এর অধিক ব্যাস এর অধিক নলকূপ স্থাপনকারীদের বিষয়ে আলোচনা ঃ**

**আলোচনা** ঃ

সভায় অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, পৌরসভার অধিকাংশ এলাকায় পৌরসভা কর্তৃক পানি সরবরাহ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। যে সমস্ত এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা করা হয়েছে সে সমস্ত এলাকায় পৌরসভার অনুমতি না নিয়ে বিভিন্ন সংযোগ গ্রহনকারীগণ পৌরসভার অনুমতি ব্যতিরেকে সাবমারসিবল পাম্প বা নলকুপ স্থাপন করে ব্যক্তিগত উদ্যোগে পানির ব্যবস্থা করেছেন । যাহা পৌর নিয়মানুযায়ী বৈধ নয় এবং অনেক গ্রাহক পৌরসভার পানির লাইন গ্রহন না করে পৌর এলাকায় নিজস্ব উদ্যোগে পানির ব্যবস্থা করেছেন । উল্লেখিত পন্থায় পানি সংগ্রহ কাজটি বৈধ নয়। পৌরসভার অনুমোদন ব্যতিরেকে অন্য কোন উৎস হতে পানি সংগ্রহ পৌর আইন অনুযায়ী বৈধ নয়। পৌরসভার পানি সরবরাহ নির্দেশিকা ১৯৯৯ ও পৌরসভা পানি সরবরাহ নির্দেশিকা ২০২৩ অনুযায়ী অন্য কোন উৎস হতে পৌরসভার অনুমোদন ব্যতীত নলকুপ, পুকুর বা অন্য কোন উৎস হতে পানি সংযোগ করা যাবে না। পৌরসভা কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে পানির উৎস স্থাপন করা যাবে। যেহেতু পৌরসভা হতে নির্ধারিত ফি প্রদান করিয়া অন্য কোন উৎস হতে পানি সরবরাহ করা যায় সে প্রেক্ষিতে পানি সংযোগ অনুমোদন ফি ও পানি ব্যবহারের নিম্নলিখিত তালিকা অনুযায়ী মালিকগণ বিল প্রদান সাপেক্ষে অন্য উৎস হতে পানি সংগ্রহের অনুমোদন দেওয়া যেতে পারে। এ বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট জানতে চাওয়া হলে তিনি পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থাপনা উপ আইন মালা ১৯৯৯ ও পৌর সভা পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২৩ সভায় উপস্থাপন করেন এবং বলেন পৌরসভা কর্তৃক পানি সরবরাহ এলাকায় অন্য উৎস হতে পানি সরবরাহ প্রদান করা যায়, সে ক্ষেত্রে পৌর সভার নির্ধারিত ফি প্রদান করতে হবে। উভয় আইন পর্যালোচনা করে দেখা যায়, পৌরসভার পানি সরবরাহ এলাকায় পৌরসভা কর্তৃক নির্ধারিত নিবন্ধন ফি ও বিল প্রদান সাপেক্ষে অন্য উৎস হতে পানি সরবরাহের জন্য অনুমতি দেওয়া যেতে পারে। নির্বাহী প্রকৌশলী সভায় বলেন পানি সরবরাহ সংগ্রহে বিভিন্ন আইন ও পরিপত্র অনুযায়ী নিম্ন লিখিত পানি ব্যবহারের অনুমোদন ফি ও বাৎসরিক/মাসিক পানির বিল নির্ধারনের জন্য প্রস্তাব উপস্থাপন করা হলো। এ বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ

বিস্তারিত আলোচনান্তে পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থা টেকসই করা ও পৌরসভা রাজস্ব আদায়ের স্বার্থে পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এর পানি সংযোগ ও পানি অভিকর বিধিমালা ২০০৭, পানি সরবরাহ উপ আইন মালা ১৯৯৯ ও পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনা নির্দেশিকা ২০২৩, এর নির্দেশিকা অনুযায়ী মালিকগণ পৌরসভার পানি সরবরাহ এলাকায় নিম্ন লিখিত নির্ধারিত নিবন্ধন ফি ও বিল প্রদান সাপেক্ষে ৫০ মিমি ব্যাস বা এর অধিক ব্যাসের এর নলকুপ স্থাপনের অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ হতে ইতিমধ্যে স্থাপিত নলকুপ স্থাপনকারীদের নিকট হতে ফি ও বিল আদায় করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| গভীর নলকূপের ব্যাস (মিমি) | অনুমতি ফি | | | বাৎসরিক নবায়ন ফি/পানির মাসিক বিল | | |
|---|---|---|---|---|---|---|
| | আবাসিক/ সামাজিক | বাণিজ্যিক | শিল্প | আবাসিক/ সামাজিক | বাণিজ্যিক | শিল্প |
| ৫০ মিমি ও ৭৫ মিমি | ৩০,০০০/- | ৬০,০০০/- | ৭০,০০০/- | আবাসিক মাসিক পানির বিল প্রতিপরিবার ২৫০/- নির্মাণাধীন ভবন মালিকদের মাসিক ১০০০/- সামাজিক/বাৎসরিক ৩০,০০০/- | ৪০,০০০/- | ৫০,০০০/- |
| ১০০ মিমি | ১,৪০,০০০/- | ৩,০০,০০০/- | ৩,২৫,০০০/- | আবাসিক মাসিক পানির বিল প্রতিপরিবার ২৫০/- সামাজিক/বাৎসরিক ১,০০,০০০/- | ১,৫০,০০০/- | ১,৭৫,০০০/- |
| ১৫০ মিমি | ২,২০,০০০/- | ৩,৫০,০০০/- | ৩,৭৫,০০০/- | আবাসিক মাসিক পানির বিল প্রতিপরিবার ২৫০/- সামাজিক/বাৎসরিক ১,২০,০০০/- | ২,২০,০০০/- | ২,৪০,০০০/- |

**বিবিধ-০১ ঃ মাসিক সভার সদস্যদের যাতায়াত ও আপ্যায়ন ভাতা বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ঃ**

আলোচনা ঃ ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন সভাকে জানান যে, পৌর পরিষদের গত ৩৩ তম সভায় পৌর পরিষদ সভায় উপস্থিতির জন্য কাউন্সিলরদের যাতায়াত/আপ্যায়ন ভাতা বাবদ ২,০০০/- (দুই) হাজার টাকা এবং মেয়রের ৮,০০০/- (আট হাজার) টাকা অনুমোদন করা হয়েছিল। যাহা বৃদ্ধি করা প্রয়োজন। যাতায়াত/আপ্যায়ন ভাতা বৃদ্ধির বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার কাছে জানতে চাওয়া হলে তিনি বলেন, প্রকৃত কথা হচ্ছে একই প্রতিষ্ঠান হতে একের অধিক সম্মানী ভাতা প্রদানের কোন বিধান নেই। তাই একের অধিক সম্মানী ভাতা প্রদান বা বৃদ্ধি সমুচীন হবে না। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব তহবিলের স্বচ্ছলতা সাপেক্ষে কাউন্সিলরদের পৌর পরিষদ সভায় উপস্থিতির জন্য যাতায়াত/আপ্যায়ন বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং মেয়রের যাতায়াত/আপ্যায়ন বাবদ খরচ ৮,০০০/- (আট হাজার) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ১০,০০০/- (দশ হাজার) টাকা বৃদ্ধি করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং পৌর রাজস্ব তহবিল থেকে উক্ত অর্থ প্রদানের এবং আগামী ফেব্রুয়ারি ২০২৪ মাস হতে উক্ত যাতায়াত/আপ্যায়ন বাবদ খরচ প্রদান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

**বিবিধ-০২ ঃ আর্থিক অনুদান বিষয়ে আলোচনা ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা বিভিন্ন অনুষ্ঠানের জন্য আর্থিক সহযোগিতা পাওয়ার জন্য ০৪(চার)টি আবেদন পত্র সভায় উপস্থাপন করেন। আবেদন পত্র সমূহ ঃ- (১) তাহ্ফিজুল কুরআনিল কারিম মাদ্রাসার প্রতিষ্ঠাতা পরিচালক, মুহাম্মদ মুরাদ হোসাইন স্বাক্ষরিত আবেদন পত্রটিতে "আন্তর্জাতিক ক্বেরাত-মাহফিল-২০২৪ খ্রি." এর জন্য মেয়র বরাবরে আর্থিক সহযোগিতা চেয়েছেন। (২) সেওতা জামে মসজিদ এর সভাপতি জনাব মোঃ সিরাজুল ইসলাম স্বাক্ষরিত আবেদন পত্রে তাফসীরুল কুরআন মাহফিলের জন্য মেয়র বরাবরে আর্থিক অনুদান চেয়েছেন। (৩) বেউথা (বোয়ালিয়া) হযরত করিম

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

শাহ্ দরবেশ (রঃ) দরবার শরীফের উদ্যোগে ০৪(চার) দিন ব্যাপী ১২৮ তম বাৎসরিক পবিত্র ওরশ মোবারক উপলক্ষে দরবার খাদেম মোঃ মাসুদ বিশ্বাস এর স্বাক্ষরিত একটি আবেদন পত্রে মেয়র বরাবের আর্থিক সহযোগিতা চেয়েছেন। (৪) জনাব হাফেজ মাওলানা মোঃ আল আমীন স্বাক্ষরিত একটি আবেদন পত্রে ইকরামুল কুরআন মহিলা মাদ্রাসার তাফসিরুল কুরআন মাহফিল অনুষ্ঠানের জন্য আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন। আবেদন পত্র সমূহের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প"(IUGIP) এর নির্দেশনা মোতাবেক বকেয়া বিদ্যুৎ বিল, বিএমডিএফ এর বকেয়া কিস্তি পরিশোধ না করলে এবং IUGIP প্রকল্পের ক্রায়টেরিয়া পুরণ না করতে পারলে প্রকল্প হতে কোন অর্থ ছাড় করবেনা। IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে রাজস্ব খাতের অর্থ যতদূর সম্ভব সাশ্রয়ী ভাবে চিন্তাভাবনা করে খরচ করতে হবে। উপরোক্ত প্রাপ্ত আবেদন পত্র সমূহ নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত উপস্থাপিত আর্থিক সহযোগিতার আবেদন পত্র সমূহের মধ্যে (১) তাহ্ফিজুল কুরআনিল কারিম মাদ্রাসার প্রতিষ্ঠাতা পরিচালক, মুহাম্মদ মুরাদ হোসাইন স্বাক্ষরিত আবেদন পত্রটিতে "আন্তর্জাতিক ক্বেরাত-মাহফিল-২০২৪ খ্রি." এর জন্য আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। (২) সেওতা জামে মসজিদ এর সভাপতি জনাব মোঃ সিরাজুল ইসলাম স্বাক্ষরিত আবেদন মোতাবেক তাফসীরুল কুরআন মাহফিলের জন্য আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং (৩) বেউথা (বোয়ালিয়া) হযরত করিম শাহ্ দরবেশ (রঃ) দরবার শরীফের উদ্যোগে ০৪(চার) দিন ব্যাপী ১২৮ তম বাৎসরিক পবিত্র ওরশ মোবারক উপলক্ষে দরবার খাদেম মোঃ মাসুদ বিশ্বাসকে আর্থিক অনুদান হিসেবে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা (৪) জনাব হাফেজ মাওলানা মোঃ আল আমীন স্বাক্ষরিত একটি আবেদন পত্রে ইকরামুল কুরআন মহিলা মাদ্রাসার তাফসিরুল কুরআন মাহফিল অনুষ্ঠানের জন্য আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপরোক্ত আর্থিক অনুদানের টাকা পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

<u>বিবিধ-০৩</u> ঃ **পৌর এলাকাধীন বেসরকারি সকল ক্লিনিক ও প্যাথলজীর বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক প্রত্যয়ন পত্রের বকেয়া টাকা মওকুফ করার এবং উক্ত বর্জ্য ব্যবস্থাপনার মাসিক ফি হ্রাস করা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ ক্লিনিক এন্ড প্যাথলজী ওনার্স এসোসিয়েশন, ৭৯/১, আনোয়ারা টাওয়ার (নিচতলা), উত্তর সেওতা (কাঁচা বাজার সংলগ্ন) বাসষ্ট্যান্ড, মানিকগঞ্জ-আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে পৌর এলাকাধীন বেসরকারি সকল ক্লিনিক ও প্যাথলজীর বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক প্রত্যয়ন পত্রের বকেয়া টাকা মওকুফ করার এবং উক্ত বর্জ্য ব্যবস্থাপনার মাসিক ফি হ্রাস করার বিষয়টি উল্লেখ করেছেন। পৌর নির্বাহী কর্মকর্তা সভায় আরো জানান যে, পৌর এলাকাধীন বেসরকারি সকল ক্লিনিক ও প্যাথলজীর বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক প্রত্যয়ন পত্রের ফি ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বাজেটে ২০০০/- (দুই হাজার) টাকা ধার্য আছে। পরিস্কার পরিচ্ছন্নতা শাখার মাধ্যমে উক্ত ফি আদায় করা হয়ে থাকে। পরিস্কার পরিচ্ছন্ন শাখা হতে ভুল বশতঃ পূর্বে নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে আদায় করে আসছে। ০৩ নং সাধারণ ওয়ার্ডে কাউন্সিলর জনাব মোঃ তছলিম মিয়া সভায় জানান যে, পৌর এলাকাধীন বেসরকারি সকল ক্লিনিক ও প্যাথলজীর বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক প্রত্যয়ন পত্রের বকেয়া টাকা মওকুফ এবং কমানোর কোন সুযোগ নেই। উপরোক্ত বিষয়টি নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকাধীন বেসরকারি সকল ক্লিনিক ও প্যাথলজীর বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বাৎসরিক প্রত্যয়ন পত্রের বকেয়া টাকা মওকুফ না করার সিদ্ধান্ত সর্বম্মতিক্রমে গৃহিত হলো এবং ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বাজেটে ধার্যকৃত ২০০০/- (দুই হাজার) টাকার ফি পরিবর্তে ১ ফেব্রুয়ারি ২০২৪ হতে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি হিসেবে আদায়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং সংশোধিত বাজেটে উক্ত ফি আদায় সংযোজন করা সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০৪** ঃ **পৌর এলাকার দুস্থ্যদের মাঝে শীতবস্ত্র বিতরণ সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা** ঃ ৭নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন সভাকে জানান যে, বর্তমানে শীতকাল চলমান অবস্থায় রয়েছে। বাংলাদেশের প্রতিটি জেলায় শীতের প্রকোপ দেখা দিয়েছে। বেশ কয়েকদিন যাবত শীতের তীব্রতা বৃদ্ধি পেয়েছে এবং সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড ছাড়িয়েছে। তাই পৌর এলাকার গরিব ও দুস্থ্যদের শীত নিবারনের জন্য পৌরসভার মাধ্যমে শীতবস্ত্র ক্রয় পূর্বক বিতরণ করা যেতে পারে। বিষয়টি নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন এলাকার গরিব ও দুস্থ্যদের মাঝে শীতবস্ত্র ক্রয় পূর্বক বিতরণের এবং ক্রয়কৃত শীতবস্ত্রের বিল পৌরসভার রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০৫** ঃ **মানিকগঞ্জ পৌর কর্মচারী সংসদের উদ্যোগে বাৎসরিক বনভোজন ২০২৪ উপলক্ষে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, অত্র পৌরসভার কর নির্ধারক ও সভাপতি মানিকগঞ্জ পৌর কর্মচারী সংসদ জনাব আলী আকবর রাজা মানিকগঞ্জ পৌর কর্মচারী সংসদের উদ্যোগে বাৎসরিক বনভোজন ২০২৪ উপলক্ষে আর্থিক অনুদান হিসেবে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা চেয়ে মেয়র বরাবর একটি আবেদন করেছেন। দাখিলকৃত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রের গায়ে মেয়র ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা লিখে দিয়েছেন। আবেদনপত্রটি নিয়ে সভায় কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌর কর্মচারী সংসদের উদ্যোগে বাৎসরিক বনভোজন ২০২৪ উপলক্ষে আর্থিক অনুদান বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রদানের অনুমোদন সহ পৌর রাজস্ব তহবিল হতে উক্ত অনুমোদিত অর্থ পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**বিবিধ-০৬** ঃ **ঘিওর উপজেলাধীন বালিয়াখোড়ায় অবস্থিত ডেরা রিসোর্ট এর ময়লা অপসারণের ফি নির্ধারণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা** ঃ মেয়র সভাকে জানান যে, ঘিওর উপজেলাধীন বালিয়াখোড়া এলাকায় অবস্থিত ডেরা রিসোর্ট এর সত্বাধীকারীর সহিত আমার মৌখিক আলোচনা হয়েছে। ডেরা রিসোর্টের ময়লা আবর্জনা পৌরসভার মাধ্যমে অপসারণের জন্য ডেরার মালিক আমাকে বিশেষ ভাবে অনুরোধ জানিয়েছেন। ডেরা রিসোর্টের মালিক উক্ত প্রতিষ্ঠানের ময়লা আবর্জনা অপসারণ বাবদ ফি পরিশোধ করবেন মর্মে জানিয়েছেন। পৌর নির্বাহী কর্মকর্তা এ বিষয়ে বলেন যে, যেহেতু ডেরা রিসোর্টটি পৌরসভার অভ্যন্তরে অবস্থিত নয়, ডেরা রিসোর্টটি পৌরসভার বাহিরে, তাই পৌরসভার পরিস্কার পরিচ্ছন্নতার কাজ বাস্তবায়নের পর প্রতিদিন উক্ত ডেরা হতে ময়লা আবর্জনা অপসারণ করা সম্ভব হবে কিনা বিষয়টি খতিয়ে দেখা প্রয়োজন। এ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ডেরা রিসোর্টের ময়লা আবর্জনা সপ্তাহে ০৩(তিন) দিন মানিকগঞ্জ পৌরসভার মাধ্যমে অপসারণের ব্যবস্থা গ্রহণের এবং ডেরা রিসোটের ময়লা অপসারণ ফি বাবদ মাসিক

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারণের জন্য চুক্তিপত্রে আবদ্ধ হওয়ার বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-৭ ঃ অতিরিক্ত খাটুনী বাবদ মাসিক হিসেবে টাকা অনুমোদন সংক্রান্ত আলোচনা।**

**আলোচনা ঃ** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, অত্র পৌরসভার বীম লিফটার ও লাশ বাহী গাড়ী চালক জনাব মোঃ ইদ্রিস আলী অতিরিক্ত খাটুনী বাবদ মাসিক হিসেবে টাকা চেয়ে আবেদন করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত কাউন্সিলরগণ বলেন যেহেতু সে অফিস সময়ের আগে ও পড়ে এমনকি রাতের বেলায় বীম লিফটার ও লাশবাহী গাড়ী চালান। তাই তাকে অতিরিক্ত খাটুনী বাবদ বিল দেওয়া যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ ইদ্রিস আলীকে অতিরিক্ত খাটুনী বাবদ মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হিসেবে পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০৮ ঃ পৌর পরিষদের সদস্যদের প্রশিক্ষণের জন্য ভ্রমণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

**আলোচনা ঃ** ০৩নং সংরক্ষিত ওয়ার্ডে কাউন্সিলর ও প্যানেল মেয়র- ৩ জনাব জেসমিন আক্তার সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌর পরিষদের সকল সদস্যদের সম্মতিতে সকল সদস্যদেরকে নিয়ে খুলনা বিভাগের ১০ (দশ) টি জেলায় অবস্থিত সিটি কর্পোরেশন সহ ৩৭ (সাইত্রিশ) টি বিভিন্ন পৌরসভার বাস্তবায়িত এবং চলমান বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্প সমূহ ও প্রশাসনিক ক্রম বিন্যাস সম্পর্কে পরিদর্শন করে অভিজ্ঞতা সঞ্চয় এবং দক্ষতা বৃদ্ধি করার ইচ্ছা পোষন সহ, সুন্দর বনের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার মনস্থ করেছি। উল্লেখিত স্থান সমূহে পরিদর্শন বা প্রশিক্ষণ গ্রহণ করলে তার অভিজ্ঞতা আমাদের পৌরসভায় কাজে লাগাতে পারবো। তাই উল্লেখিত স্থান সমূহ পরিদর্শনের সময় গাড়ি ভাড়া সহ খাওয়া থাকা ও ভ্রমণের জন্য বিবিধ খরচ রয়েছে। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট মতামত জানতে চাওয়া হলে তিনি বলেন পৌর পরিষদের সদস্যদের প্রশিক্ষণ/ভ্রমণ সংক্রান্ত কোন অর্থ বাজেটে ধরা নেই। তাই বিষয়টি খতিয়ে দেখা আবশ্যক। উল্লেখিত পরিদর্শন ও ভ্রমণ খরচ বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে খুলনা বিভাগের ১০ (দশ) টি জেলায় অবস্থিত সিটি কর্পোরেশন সহ ৩৭ (সাইত্রিশ) টি বিভিন্ন পৌরসভার বাস্তবায়িত এবং চলমান বিভিন্ন উন্নয়ন মূলক প্রকল্প সমূহ ও প্রশাসনিক ক্রম বিন্যাস সম্পর্কে পরিদর্শন করে অভিজ্ঞতা সঞ্চয় সহ দক্ষতা বৃদ্ধির লক্ষে পৌর পরিষদের সদস্যদের যাতায়াত, থাকা খাওয়া ও ভ্রমণের আনুষাঙ্গিক খরচ বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পৌর রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং অনুমোদিত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ৩নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিল ও প্যানেল মেয়র-৩ জনাব জেসমিন আক্তার এর মাধ্যমে উত্তোলনের ক্ষমতা প্রদানের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং পৌর পরিষদের ভ্রমণের জন্য ব্যয় কৃত অর্থ বর্তমান অর্থ বছরের সংশোধিত বাজেটে উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-৯ ঃ পৌর পরিষদের সদস্যদের জন্য ব্লেজার ক্রয় সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা ঃ** ০৭ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন সভাকে অবহিত করেন যে, জেলা প্রশাসক, মানিকগঞ্জ কর্তৃক আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ হতে ১০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. পর্যন্ত মানিকগঞ্জের পরিচিতির ব্রান্ড "লোকসঙ্গীত আর হাজারী গুড় মানিকগঞ্জের প্রাণের সুর" প্রতিপাদ্যকে ধারণ করে মানিকগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের মাঠে "হাজারী গুড়ের মেলার" আয়োজন করা হয়েছে। উক্ত মেলায় মানিকগঞ্জ পৌরসভাকে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য জেলা প্রশাসন মহোদয়

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

মৌখিক ভাবে নির্দেশনা প্রদান করেছেন। সে লক্ষে পৌর পরিষদের সকল সদস্যগণ মেলায় উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন। মেলায় অংশগ্রহণের জন্য পৌর পরিষদের সকল সদস্যদের একই রকম সৃজনশীল ড্রেসআপ পরিধানের বিষয়টি আলোচনা হয়। তিনি আরো বলেন বর্তমানে প্রচন্ড শীত অতিবাহিত হচ্ছে। তাই পৌর পরিষদের সদস্যদের জন্য ব্লেজার তৈরী করা প্রয়োজন। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট মতামত জানতে চাওয়া হলে তিনি বলেন পৌর পরিষদের সদস্যদের ব্লেজার তৈরীর অর্থ বাজেটে ধার্য নেই। উপস্থিত কাউন্সিলরগণ ব্লেজার ক্রয় বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং ব্লেজার তৈরীর জন্য একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে "হাজারী গুড়ের মেলার" অংশ গ্রহণের নিমিত্তে মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদ সভার সদস্যদের ব্লেজার তৈরীর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং ব্লেজার তৈরী কাজের প্রয়োজনীয় অর্থ পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো এবং ০৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন-কে উক্ত ব্লেজার তৈরী কাজের প্রয়োজনীয় অর্থ উত্তোলনের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। উল্লেখ্য যে, পৌর পরিষদের জন্য ব্লেজার তৈরী কাজের ব্যয়কৃত অর্থ বর্তমান অর্থ বছরের সংশোধিত বাজেটে উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-১০ ঃ চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, বেতন বৃদ্ধির জন্য ০৬(পাঁচ)টি আবেদন পত্র পাওয়া গিয়েছে। যেমন ঃ (১) মোঃ জসীম, পরিচ্ছন্নতা কর্মী (২) রেনু রাণী শীল, পরিচ্ছন্নতা কর্মী (৩) মোঃ আলমগীর হোসেন, পরিচ্ছন্নতা কর্মী (৪) মোঃ জুয়েল রানা বাদল, পরিচ্ছন্নতা কর্মী (৫) শাহানাজ আফরিন, পরিচ্ছন্নতা কর্মী (৬) ফিরোজা বেগম, পরিচ্ছন্নতা কর্মীগণের আবেদন সমূহ সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্র সমূহে তারা উল্লেখ করেছেন অফিস সমূহের আগে ও পড়ে কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালন করে থাকেন এবং বর্তমান দ্রব্য মূল্য উর্দ্ধগতির কারনে তাদের সংসার পরিচালনা করতে কষ্ট হয়। তাই বেতন বৃদ্ধির আবেদন পত্র সমূহ নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শাহানাজ আফরিন এর বেতন বৃদ্ধি না করে পূর্বের বেতন ঠিক রাখার এবং মোঃ জসীমের দৈনিক বেতন ৪০০/- (চারশত) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা। রেনু রাণী শীলের দৈনিক বেতন ৪২৫(চারশত পচিশ) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক দৈনিক ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা, মোঃ আলমগীর হোসেন দৈনিক বেতন ৪০০/- (চারশত) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক প্রতিদিন ৫০০/- (পাঁচশত) টাকা, মোঃ জুয়েল রানা বাদলের দৈনিক বেতন ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা, ফিরোজা বেগম এর দৈনিক বেতন ৪০০/- (চারশত) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হিসেবে নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং আগামী ফেব্রুয়ারী ২০২৪ মাস হতে কার্যকর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-১১ ঃ মেয়র এর বহিঃ বাংলাদেশ চিকিৎসা জনিত ছুটি অনুমোদন বিষয়ক আলোচনা ঃ**

আলোচনা ঃ মেয়র সভাকে জানান যে, আমি আমার নিজস্ব ব্যবস্থাপনায় ব্যক্তিগত ইচ্ছার প্রেক্ষিতে এবং বাংলাদেশে আমার চিকিৎসাধীন ডাক্তারের পরামর্শ মোতাবেক উন্নত চিকিৎসার জন্য ভারত যেতে ইচ্ছুক। তৎপরিপ্রেক্ষিতে আগামী ৩রা মার্চ ২০২৪ খ্রি. হতে ৩১ মার্চ ২০২৪ খ্রি. পর্যন্ত পর্যন্ত ২৯ (উনত্রিশ) দিনের জন্য চিকিৎসা জনিত ছুটি অনুমোদন প্রয়োজন। মেয়রের ছুটি নিয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মেয়র এর আবেদিত চিকিৎসার জন্য ছুটি ও বহিঃ বাংলাদেশ যাওয়ার জন্য আগামী ৩রা মার্চ ২০২৪ খ্রি. হতে ৩১ মার্চ ২০২৪ খ্রি. পর্যন্ত পর্যন্ত সর্বমোট ২৯ (উনত্রিশ) দিনের ছুটি অনুমোদন দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং মেয়র যেদিন থেকে দেশ ত্যাগ করবেন সেদিন হতে তার ছুটি কার্যকর হবে।

**বিবিধ-১২** ঃ **পৌরসভাধীন পোড়রা এলাকায় রাস্তার পার্শ্বের জায়গা অস্থায়ী ভাবে জনাব মামুন খানকে ব্যবহার করার অনুমতি প্রসঙ্গে ঃ**

**আলোচনা** ঃ নির্বাহী প্রকৌশলী সভাকে জানান যে, গত ১৩ ডিসেম্বর ২০২৩ মাসের ৩৭তম পৌর পরিষদের সাধারণ সভায় বিবিধ ০৯-এ ০৩নং ওয়ার্ডের পোড়রা এলাকার স্থায়ী বাসিন্দা জনাব মোঃ মামুন খান, পিতামৃত- ফজজুল করিম খান, মাতা- চুনিয়া বেগম পৌর এলাকায় তার নিজস্ব জায়গা সংলগ্ন পৌরসভার কিছু জায়গা অস্থায়ী ভাবে ব্যবহারের জন্য মেয়র বরাবরে মৌখিক ভাবে অনুমতি চাওয়ায় উক্ত জায়গা ব্যবহারের সার্বিক বিষয়ে স্থানীয় কাউন্সিলর ও নির্বাহী প্রকৌশলী-কে সরেজমিনে পরিদর্শণ করে পরবর্তী সভায় প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত হয়েছিল। তৎপরিপ্রেক্ষিতে ৩৭তম মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় কাউন্সিলর, পৌর সার্ভেয়ার সহ নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে সরেজমিনে পরিদর্শন করা হয় এবং পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করা হয়। উক্ত প্রস্তুতকৃত প্রতিবেদন অদ্যকার সভায় উপস্থাপন করা হলো এবং উপস্থিত সকলকে অবহিত করা হলো। প্রতিবেদনে উল্লেখ রয়েছে জনাব মোঃ মামুন খানের জায়গা নওখন্ডা মৌজায় ১১৯৪ নং দাগে অবস্থিত। পাশে সরকারি রাস্তা যাহার দাগ নং- ১১৮৬। জনাব মোঃ মামুন খানের জায়গা প্রায় ০৬.০০ শতাংশ যাহা বর্তমানে খান বাহাদুর আওলাদ হোসেন সড়কের মাঝে অবস্থিত। পাশে সরকারি জায়গা ১নং খতিয়ান ভূক্ত যাহা বর্তমানে জেলা প্রশাসকের আওতাধীনে রয়েছে। সেই সরকারি জায়গা থেকে ৬.০০ শতাংশ জায়গা জনাব মোঃ মামুন খান ব্যবহারের জন্য মেয়র বরাবরে মৌখিক আবেদন করেছেন। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার নিকট জানতে চাওয়া হলে পৌর নির্বাহী কর্মকর্তা বলেন অত্র পৌরসভার নির্বাহী প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন মোতাবেক দেখা যায় আবেদনকারী যে জায়গা ব্যবহারের জন্য মেয়র বরাবর আবেদন করেছেন, আবেদিত সেই জায়গা পৌরসভার নিজস্ব সম্পত্তি নয়। তাই পৌরসভার পক্ষে উক্ত জায়গা ব্যবহারের অনুমতি প্রদান করা সমুচীন হবেনা। উক্ত আবেদিত জায়গা ব্যবহার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ মামুন খানের আবেদিত জায়গা পৌরসভার সম্পত্তি না হলেও যেহেতু পৌরসভার রাস্তা সংলগ্ন তাই তার আবেদনের পুরিপ্রেক্ষিতে সরকারের নিকট হতে উল্লেখিত আবেদিত ৬.০০ শতাংশ জায়গা স্থায়ী বন্দোবস্ত/লীজ গ্রহণ সাপেক্ষে মানবিক কারনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ব্যবহারের অনুমোতি দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-১৩** ঃ **শিশু পার্ক নির্মাণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-**

**আলোচনা** ঃ ৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর, প্যানেল মেয়র-২ ও সভাপতি মানিকগঞ্জ পৌরসভার শিশু পার্ক নির্মাণে জমি ক্রয়/সংগ্রহ কমিটি জনাব মোঃ তছলিম মিয়া সভাকে জানান যে, পৌরবাসীর দীর্ঘদিনের দাবি চিত্ত বিনোদনের জন্য একটি শিশুপার্ক নির্মাণ করা। তিনি বলেন মেয়রের নির্বাচনী ইশতেহারে মানিকগঞ্জ শহরের মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য বর্ধন ও পৌরবাসীর চিত্ত বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণের বিষয়টি উল্লেখ ছিল এবং মেয়র বারবার মানিকগঞ্জ শহরের মাঝ দিয়ে প্রবাহিত খালের সৌন্দর্য বর্ধন ও পৌরবাসীর চিত্ত বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণের আশ্বাস দিয়ে আসছেন। তাই মেয়র মহোদয় ইতোমধ্যে শহরের মাঝের খালের সৌন্দর্য বর্ধনের কাজ শুরু করেছেন এবং কাজের

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

অগ্রগতির হার ভাল বিধায় শহরের সৌন্দর্য দিনদিন বৃদ্ধি পাচ্ছে। শিশু পার্ক নির্মাণের বিষয়ে তিনি বলেন ইতোমধ্যে মানিকগঞ্জ পৌরসভার গঠিত শহর সমন্বয় (টিএলসিসি) কমিটি, পৌর পরিষদের বিভিন্ন সভায় ও বিগত ১৫ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে মানিকগঞ্জ পৌরসভার শিশু পার্ক নির্মাণে জমি ক্রয়/সংগ্রহ কমিটির সভায় বিভিন্ন আলোচনা, সুপারিশ ও সিদ্ধান্ত গৃহিত হয়েছে। তিনি বলেন শিশুপার্ক নির্মাণের জন্য তার মূল্যবান নিজস্ব প্রয়োজনীয় সংখ্যক জমি চুক্তির মাধ্যমে প্রদানের সম্মতি জ্ঞাপন করেছেন এবং তার নিজস্ব জমির আশপাশের অন্যান্য জমি তিনি নিজস্ব অর্থে ক্রয় পূর্বক পৌরসভাকে দান করবেন। মেয়র শিশুপার্ক নির্মাণের জন্য প্রয়োজনীয় সংখ্যক জমির ব্যবস্থা করবেন এবং শিশুপার্ক নির্মাণে সরকারি ভাবে অর্থায়নের ব্যবস্থা করার চেষ্টা করবেন। যিনি দীর্ঘ ৪২/৪৩ বৎসর যাবত পৌরসভার কাউন্সিলর, চেয়ারম্যান ও মেয়র হিসেবে সুনাম ও বিশ্বস্ততার সহিত অদ্যাবধি দায়িত্ব পালন করে আসছেন তাই তার অবদান ও স্মৃতিকে অম্লান রাখার জন্য তার সহিত চুক্তির মাধ্যমে শিশু পার্কের নাম মোঃ রমজান আলীর নামে ও শিশু পার্কের জমি দাতা হিসেবে শিশু পার্ক নির্মাণের পর শিশু পার্ক হতে আয়ের ৬৫% মোঃ রমজান আলীকে প্রদান করা যেতে পারে এবং বাদবাকি ৩৫% পৌরসভার উন্নয়ন কাজে ব্যয় হতে পারে। বিগত ১৫ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখে মানিকগঞ্জ পৌরসভার শিশু পার্ক নির্মাণের জমি ক্রয়/সংগ্রহ কমিটির সুপারিশ সমূহ পাঠ করে শোনানো হয়। উল্লেখিত কমিটির সুপারিশ অনুযায়ী পৌরসভার সহিত শিশু পার্কের আয়ের অংশ বন্টন পদ্ধতি, ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি, এবং মোঃ রমজান আলী ও পৌরসভার সহিত চুক্তিপত্র করার সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। পৌর নির্বাহী কর্মকর্তার নিকট এ বিষয়ে আইনগত দিক জানতে চাওয়া হলে তিনি জানান শিশু পার্ক নির্মাণ, জমি ক্রয়/সংগ্রহ, ব্যবস্থাপনা, সংরক্ষণ, টোল আদায় ইত্যাদি বিষয়ে পৌরসভার আইন উপদেষ্টার মতামত গ্রহণ সহ নিয়ামক কর্তৃপক্ষ স্থানীয় সরকার বিভাগের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা যেতে পারে। পৌরসভার শিশুপার্ক নির্মাণ বিষয়ে উপস্থিত সকল কাউন্সিলর পৌরসভার শিশু পার্ক নির্মাণ, শিশুপার্কের নামকরণ, শিশু পার্কের ব্যবস্থাপনা, টোল আদায়, রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে বিভিন্ন মুখি বিস্তারিত আলোচনা পর্যালোচনা করেন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে গত ১৫ জানুয়ারি ২০২৪ খ্রি. মানিকগঞ্জ পৌরসভার শিশুপার্ক নির্মাণে জমিক্রয়/সংগ্রহ কমিটির নিম্ন লিখিত সুপারিশ সমূহ সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(১) শিশু পার্ক নির্মাণের জন্য মোঃ রমজান আলী, মেয়র মানিকগঞ্জ পৌরসভার নিকট হতে বিনা মূল্যে চুক্তির মাধ্যমে পৌরসভায় জমি গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(২) শিশু পার্ক নির্মাণের পর শিশু পার্ক হতে আয়ের ৬৫% মোঃ রমজান আলীকে জমি দাতা হিসেবে প্রদান এবং রাজস্ব আয় হিসেবে ৩৫% পৌরসভা প্রাপ্ত হবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(৩) শিশু পার্ক নির্মাণ, ব্যবস্থাপনা, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, টোল আদায়, ইজারা, খাস আদায় ইত্যাদি সকল বিষয়ে পৌরসভাকে যাবতীয় দায়িত্ব পালন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.

(৪) শিশু পার্ক নির্মাণের জমি সংগ্রহ, শিশু পার্কের আয়ের ব্যবস্থাপনা, আয়ের বন্টন ব্যবস্থাপনা, মালিকানা, ইজারা ব্যবস্থাপনা ইত্যাদি সকল বিষয়ে আইনগত মতামত গ্রহণ পূর্বক মোঃ রমজান আলী ও পৌরসভার মধ্যে একটি চুক্তি সম্পাদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(৫) মানিকগঞ্জ পৌরসভার প্রস্তাবিত শিশু পার্ক মেয়র রমজান আলীর নামে নামকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো ।

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী) মোঃ রমজান আলী
মেয়র মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৪-১২৩ তারিখ ঃ ২৮/০১/২০২৪ খ্রি.

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-</u>**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ

০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ

০৪। জনাব...................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা

০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা

০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা

০৭। জনাব ..........................................পদবি....................শাখা.....................মানিকগঞ্জ পৌরসভা

০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো

০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র মোঃ রমজান আলী
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ.